# বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন

বিএসইসি ভবন

১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫।

সূত্র নম্বর: ৩৬.৯৩.০০০০.০৩১.৯৯.০০২.২০-

তারিখ: ০৭/০৬/২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন-এর অধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | বিভাগ | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | কারিগরী | মহাব্যবস্থাপক | ০৪ (চার) জন | বেতন স্কেল টা: ৫৬৫০০-৭৪৪০০/- গ্রেড নং-০৩ | অনূর্ধ্ব ৪৫ বৎসর (বিশেষ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ৫০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য) | ১৮ বৎসরের অভিজ্ঞতাসহ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ২০ বৎসরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। |
| ২। | হিসাব | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা | ০৩ (তিন) জন | বেতন স্কেল টা: ৫৬৫০০-৭৪৪০০/- গ্রেড নং-০৩ | অনূর্ধ্ব ৪৫ বৎসর (বিশেষ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ৫০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য) | সিএ/আইসিএমএ ডিগ্রীসহ ৬ বৎসরের অভিজ্ঞতা অথবা স্নাতক ডিগ্রীসহ ১৮ বৎসরের বা তার বেশি অভিজ্ঞতা। |
| ৩। | জেনারেল | মহাব্যবস্থাপক | ০৩ (তিন) জন | বেতন স্কেল টা: ৫৬৫০০-৭৪৪০০/- গ্রেড নং-০৩ | অনূর্ধ্ব ৪৫ বৎসর (বিশেষ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ৫০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য) | স্নাতক ডিগ্রীসহ শিল্প ব্যবস্থাপনায় ১৮ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৪। | | উপ-প্রধান চিকিৎসা কর্মকর্তা | ০১ (এক) জন | বেতন স্কেল টা: ৪৩০০০-৬৯৮৫০/- গ্রেড নং- ৫ | ৩৭ বৎসর (বিশেষ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ১০ বৎসরের অভিজ্ঞতাসহ এমবিবিএস ডিগ্রী অথবা ১৩ বৎসরের অভিজ্ঞতাসহ এলএমএফ। |
| ৫। | কারিগরী ক্যাডার | চিকিৎসা কর্মকর্তা | ০২ (দুই) জন | বেতন স্কেল টা: ৩৫৫০০-৬৭০১০/- গ্রেড নং-৬ | ৩২ বৎসর (বিশেষ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ৫ বৎসরের অভিজ্ঞতাসহ এমবিবিএস ডিগ্রী অথবা ১০ বৎসরের অভিজ্ঞতাসহ এলএমএফ। |
| ৬। | | সহকারী চিকিৎসা কর্মকর্তা | ০১ (এক) জন | বেতন স্কেল টা: ২২০০০-৫৩০৬০/- গ্রেড নং- ৯ | ৩০ বৎসর। | এমবিবিএস ডিগ্রী। |

বিশেষ দ্রষ্টব্য ঃ বর্ণিত পদগুলোতে আবেদনের ক্ষেত্রে শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।

২.০ এছাড়া আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ

১। ১নং হতে ৬নং ক্রমিকের পদসমূহের জন্য কলাম-৬ এ উল্লিখিত বয়সসীমা প্রযোজ্য হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি সনদের জন্ম তারিখ গণ্য করা হবে। বয়স সংক্রান্ত কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। নিয়োগের ক্ষেত্রে বিএসইসি'র প্রবিধানমালা ও সরকারের বিদ্যমান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

৩। কোনো প্রার্থীর নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

৫। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।

৬। বিএসইসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো দরখাস্ত/ সকল দরখাস্ত বা নিয়োগ প্রক্রিয়া বাতিলের ক্ষমতা রাখে। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে বিএসইসি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে http://bsec.teletalk.com.bd -এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে।

৮। যদি কোন প্রার্থী বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকার করার জন্য অঙ্গীকারাব্ধ হয়ে থাকেন, সেক্ষেত্রে তার আবেদন করার প্রয়োজন নেই।

৯। অনলাইনে (Online) আবেদনের সময়সীমা ও পদ্ধতি নিম্নরূপ

(ক) ১৩-০৬-২০২১ তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদান শুরু হবে।

(খ) ৩০-০৬-২০২১ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র জমাদান অবশ্যই শেষ করতে হবে।

(গ) উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টা SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(ঘ) আবেদন ফরম পুরণের সময় প্রার্থী অবশ্যই কোন বিভাগে (কারিগরী/হিসাব/জেনারেল) আবেদন করতে ইচ্ছুক তা পূরণ করবেন।

(ঙ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel, File size maximum 60 kb ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel, File size maximum 100 kb এ স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(চ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ছ) SMS পাঠানোর নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান ঃ

অনলাইন আবেদনপত্রের (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি **User ID**, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবে। উক্ত Applicant's Copy প্রার্থীকে প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করতে হবে। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং এ User ID ব্যবহার করে Teletalk Bangladesh Ltd. কর্তৃক **SMS** এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid mobile নম্বরের মাধ্যমে SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-৩ পর্যন্ত ১০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য), ক্রমিক নং ৪-৫ পর্যন্ত ৮০০/- (আটশত) টাকা (অফেরতযোগ্য) এবং ক্রমিক নং ৬ এর জন্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিতে হবে।

প্রথম SMS ঃ BSEC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS ঃ BSEC<space>Yes<space><PIN> লিখে Send করতে হবে 16222 নম্বরে।

"বিশেষভাবে উল্লেখ্য, পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণ করা হবেনা।"

(জ) প্রবেশপত্র (Admit Card) ঃ

প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bsec.teletalk.com.bd অথবা বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) এর Web-address http://bsec.gov.bd-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল

রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গীন) করে নিবেন। প্রার্থী এই Admit Card টি লিখিত পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(ঝ) শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে BSEC<space>Help<space>User ID & Send to 16222.

Example : **BSEC HELP USER ABCDEF**

ii) PIN Number জানা থাকলে BSEC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example : **BSEC HELP PIN 12345678**

(ঞ) অনলাইনে আবেদন করতে সমস্যা হলে যে কোনো টেলিটক নাম্বার থেকে ফোন করুন ১২১ অথবা মেইল করুন vas.query@teletalk.com.bd

১০। ক্রমিক নম্বর ১-৫ এ বর্ণিত পদের প্রার্থীদের পরবর্তীতে SMS এর মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন ফরমে উল্লিখিত তথ্যের স্বপক্ষে যাবতীয় সনপত্রের সত্যায়িত ফটোকপি ও পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (তিন সেট) ডাকযোগে 'প্রধান ব্যক্তিপ্রশাসন কর্মকর্তা (ভাপ্রাপ্ত), ১০২ কাজী নজরুল ইসলাম এভিনিউ ঢাক-১২১৫' বরাবর পাঠাতে হবে। আবেদনপত্র কোনো ভুল তথ্য পরিবেশন করলে অথবা চাহিদা কৃত কাগজপত্র সঠিক ও সম্পূর্ণরুপে সংযোজন করা না হলে এবং নির্ধারিত সময়ের পর পাওয়া গেলে আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে।

১১। মৌখিক পরীক্ষার সময়ে প্রার্থীগণ নিম্ন লিখিত কাগজপত্র উপস্থাপন করতে হবেঃ

(ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল মূল সার্টিফিকেট প্রদর্শন করতে হবে।

(খ) সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সার্টিফিকেট।

(গ) ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান, পৌরসভা/সিটি কর্পোরেশন এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলির কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট।

(ঘ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি ও সত্যায়িত কপি প্রর্দশন করতে হবে।

(ঙ) উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/স্থানীয় সরকার কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র।

(চ) সকল সার্টিফিকেট/রেকর্ডপত্র সরকারী/স্বায়ত্বশাষিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

(ছ) বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্র সংশ্লিষ্ট দেশী বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট ( Equivalent Certificate) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

(জ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাষিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নো অবজেকশন সার্টিফিকেট (এনওসি)/অনাপত্তি পত্র দাখিল করতে হবে।

(শাহীরা পারভীন)
প্রধান ব্যক্তিপ্রশাসন কর্মকর্তা (ভারপ্রাপ্ত)